

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৭০

১৩. শাস্তি অধ্যায় (کتاب الحدود)

পরিচ্ছেদঃ ২১. যার উপর হাদ (শাস্তি) প্রয়োগ করা হয়েছে, তা তার গুনাহের কাফ্ফারা হয়ে যাবে

بَابِ الْحَدُّ كَفَّارَةٌ لِمَنْ أُقِيمَ عَلَيْهِ

আরবী

أَخْبَرَنَا مَرْوَانُ بْنُ مُحَمَّدٍ الدِّمَشْقِيُّ حَدَّثَنَا ابْنُ وَهْبٍ عَنْ أُسَامَةَ بْنِ زَيْدٍ عَنْ مُحَمَّدِ بْنِ الْمُنَكْدِرِ عَنْ ابْنِ خُزَيْمَةَ بْنِ ثَابِتٍ عَنْ أَبِيهِ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ أُقِيمَ عَلَيْهِ حَدُّ غُفِرَ لَهُ ذَلِكَ الذَّنْبُ

বাংলা

২৩৭০. খুযাইমা ইবনু ছাবিত রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: "যার উপর হাদ (শাস্তি) প্রয়োগ করা হয়েছে, তার এ গুনাহ মাফ করা দেওয়া হবে।"[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ হাসান।

তাখরীজ: তাবারাণী, আল কাবীর ৪/৮৮ ৩৭৩১; বুখারী, কাবীর ৩/২০৬ তা'লীক হিসেবে; দারুকুতনী ৩/২১৪; বাইহাকী, আশরিবাহ ৮/৩২৮; খতীব, তারীখ বাগদাদ ৫/১৯৮; বাগাবী, শারহুস সুন্নাহ ৩৭৩২; আহমাদ ৫/২১৪, ২১৫ বিচ্ছিন্ন সনদে।

হাফিজ ইবনু হাজার, ফাতহুল বারী ১২/৮৪ তে বলেন: এর সনদ হাসান' আর গত হয়েছে যে, আহমাদ এর সনদ বিচ্ছিন।

তবে এর শাহিদ হাদীস রয়েছে উবাদাহ ইবনু ছামিত হতে যা বুখারী ও মুসলিম সম্মিলিতভাবে বর্ণনা করেছেন। আমরা যার তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৪৪০৫ ও মুসনাদুল হুমাইদী নং ৩৯১ তে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ খুযাইমাহ ইবনু ছাবিত আল আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন